ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৭০৯

আগরতলা, ১৫ মে,২০২৫

**অপারেশন সিঁদুর সফলভাবে পরিচালনার জন্য**
**প্রধানমন্ত্রী ও সেনানীদের মন্ত্রিসভার অভিনন্দন**

জঙ্গি বিরোধী 'অপারেশন সিঁদুর' সফলভাবে পরিচালনার জন্য রাজ্য মন্ত্রিসভার পক্ষ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং ভারতের বীর সেনানীদের অভিনন্দন জানানো হয়। গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা অভিনন্দন বার্তা উত্থাপন করেন এবং মন্ত্রিসভায় সেই বার্তাটি সর্বসম্মতভাবে গৃহীত হয়।

অভিনন্দনবার্তায় বলা হয়েছে, 'পাকিস্তানে আশ্রিত ও মদতপুষ্ট সন্ত্রাসবাদী জঙ্গি হানায় কাশ্মীরের পহেলগাঁও-এ ২৬ জন ভারতীয় নাগরিকদের হত্যার প্রতিবাদে জঙ্গি দমনে ভারতীয় সেনাবাহিনী 'অপারেশন সিঁদুর' নামে যে অভিযান পরিচালনা করেছে তার জন্য ত্রিপুরা রাজ্য মন্ত্রিসভা এবং রাজ্যের জনগণ ভারতের বীর সেনানীদের অভিনন্দন জানাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিজির দূরদর্শী নেতৃত্বে সাফল্যের সঙ্গে এই অভিযান এবং পাকিস্তানী হামলার যোগ্য জবাব যেভাবে ভারতের সেনাবাহিনী দিয়েছে তাতে ভারতের বীর পরাক্রমকেই সূচিত করে। সন্ত্রাসবাদ এবং সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে ভারতের এই অভিযান অব্যাহত থাকবে বলে মাননীয় প্রধানমন্ত্রী যে ঘোষণা দিয়েছেন রাজ্য মন্ত্রিসভা তার প্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছে। ভারতের প্রতিরক্ষা ব্যবস্থা গত এক দশকে যেরকম শক্তিশালী হয়েছে এই অভিযান তারই সাক্ষ্য বহন করে। ভারত অহিংসার পূজারী ও শান্তিপূর্ণ সহাবস্থানে বিশ্বাসী। কিন্তু ভারতের বিরুদ্ধে নাশকতামূলক জঙ্গি কাজকর্ম এবং দেশের স্থিতিশীলতাকে নষ্ট করার যেকোনও চক্রান্তকেই ভারতবর্ষ যোগ্য জবাব দিতে প্রস্তুত।

রাজ্য মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রীর এই বাস্তবোচিত পদক্ষেপ এবং ভারতীয় স্থল, নৌ এবং বিমানবাহিনীর অভূতপূর্ব সাফল্যকে অভিনন্দিত করছে। সীমান্তরক্ষী বাহিনী সহ নিরাপত্তা বাহিনীর সকলস্তরের অফিসার এবং কর্মীদের যারা অকুতোভয়ে অসীম সাহসিকতার সঙ্গে আমাদের সীমানায় অতন্দ্র প্রহরীর কাজ করছেন এবং দেশকে সুরক্ষিত রাখছেন তাদেরকেও রাজ্য মন্ত্রিসভার পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়। পাকিস্তানের হামলায় যেসব ভারতীয় বীর জওয়ান এবং সাধারণ নাগরিক প্রাণ হারিয়েছেন রাজ্য মন্ত্রিসভা তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করছে'।

*****